গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
**পরিকল্পনা ইউনিট**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.১১৭.০১৪.০০.০০.৯৩.২০১১(পার্ট-১).৩৪৪

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ০৮ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: বিদ্যমান আদালত ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ/রূপান্তরের মাধ্যমে এজলাস ও খাসকামরা বৃদ্ধির লক্ষ্যে প্রাক্কলন প্রেরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশব্যাপী প্রায় ৩৭৮টি নতুন আদালত/বিশেষায়িত ট্রাইব্যুনাল সৃজন করা হয়েছে। বর্তমানে বিভিন্ন জেলার বিদ্যমান অবকাঠামোতে স্থান সংকুলান না হওয়ায় নতুন আদালত/বিশেষায়িত ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারকগণ এজলাস শেয়ারিং করে বিচারিক কার্যক্রম পরিচালনা করছেন, যা মামলার দ্রুত নিষ্পত্তিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে।

২। নতুন আদালত ভবন নির্মাণ একটি দীর্ঘমেয়াদী ও সময়সাপেক্ষ প্রক্রিয়া। এই জরুরি পরিস্থিতি মোকাবিলায় বিদ্যমান আদালত ভবনগুলোর সক্ষমতা অনুযায়ী সেগুলোর উর্ধ্বমুখী সম্প্রসারণ অথবা অভ্যন্তরীণ রূপান্তরের মাধ্যমে নতুন এজলাস ও খাসকামরা তৈরি করা দ্রুততম সমাধান হিসেবে বিবেচিত হচ্ছে।

৩। এমতাবস্থায়, সৃজিত নতুন আদালতসমূহের জন্য প্রয়োজনীয় এজলাস ও খাসকামরা নিশ্চিতকল্পে আপনার আওতাধীন বিদ্যমান আদালত ভবনের সক্ষমতা অনুযায়ী উর্ধ্বমুখী সম্প্রসারণ বা রূপান্তরের প্রয়োজনীয় প্রাক্কলন সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ দ্বারা প্রস্তুত করে জরুরি ভিত্তিতে পত্র মারফত এবং ইমেইলে (planningunit@lawjusticediv.gov.bd) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮-০৭-২০২৬
মোহাম্মদ মেহেদী হাসান
যুগ্মসচিব (পরিকল্পনা)
আইন ও বিচার বিভাগ

১) জেলা ও দায়রা জজ (সকল)
২) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (সকল)

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মহানগর দায়রা জজ (সকল)
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
৩. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল)
৪. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৫. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ (সকল) [উল্লিখিত কাজের প্রাক্কলন প্রস্তুতের অনুরোধসহ]
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ।